

2016
BENGALI
[HONOURS]
Paper : V

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : $৮ \times ২ = ১৬$
- ক) বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ' উপন্যাসের প্রথম সংস্করণ প্রকাশিত হয় কত সালে? উপন্যাসটির ভূমিকা কে লিখেছিলেন?
- খ) রাজসিংহ উপন্যাসে 'বিজয়'-এর পরিচয় দাও।
- গ) 'রাজসিংহ' উপন্যাসের কোন্ পরিচ্ছেদে নির্মলকুমারীর সঙ্গে মানিকলালের প্রথম দেখা হয়েছিল?
- ঘ) 'আমার মরণ হল না কেন?' — বক্তা কে? তার কেন এই আক্ষেপ?
- ঙ) উপন্যাসিক 'যোগাযোগ' উপন্যাসের পূর্বনাম কী ভেবেছিলেন?
- চ) বিপ্রদাসের চারজন প্রজার নাম লেখো।
- ছ) সত্যচরণ স্টেশন থেকে কাছারিতে কীভাবে গিয়েছিলেন? স্টেশন থেকে কাছারির দূরত্ব কত?

- জ) 'আরণ্যক' উপন্যাসে এক নৃত্যপাগল কিশোর চরিত্র আছে, তার নাম কী? তার বয়স কত?
- ঝ) নক্ছেদী ভক্ত কোন্ সম্প্রদায়ের মানুষ? তার দুই স্ত্রীর নাম বলো।
- ঞ) কোন্ বংশে নিতাইয়ের জন্ম? এদের উপাধি কী ছিল?
- ট) 'বসনের এই একটিমাত্র স্মৃতিচিহ্ন তাহার কাছে আছে'। — কার কাছে আছে? স্মৃতিচিহ্নটি কী?
- ঠ) ঠাকুরঝি মাথায় কী ফুল লাগিয়েছিল? নিতাই 'ঠাকুরঝি'র জন্ম কী উপহার এনেছিল?

- ২। প্রতিটি পাঠ্য গ্রন্থ থেকে একটি করে প্রশ্ন নিয়ে সর্বমোট ছয়টি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৬ = ৩৬$
- ক) জেবউন্নিহার বিশ্বাসী খোজার নাম কী ছিল? তিনি তাকে কোথায় পাঠিয়েছিলেন? মানিকলাল ঔরঙ্গজেবের কাছে রাজসিংহের পাঠানো পত্র ও উপঢৌকন নিয়ে গেলে তিনি কী কী করেছিলেন? $১+১+৪=৬$
- খ) মুসলমানি আমলে প্রচলিত জিজিয়া কর কোন্ সম্রাট উচ্ছেদ করেন? কোন্ সম্রাট পুনঃ প্রচলিত করেন? এ ব্যাপারে রাজসিংহের বিরুদ্ধে মোগল সম্রাট কী পদক্ষেপ গ্রহণ করেছিলেন? $১+১+৪=৬$
- গ) "দুনিয়ার বাদশাহ হইলেও কেহ সুখী হয় না — কাহারও সাধ মিটে না।" — মন্তব্যটি কার? মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। $১+৫=৬$

ঘ) “লেখাপড়া শিখে বাঁদর, তোমার এই বিদ্যে?” — কে, কাকে এই কথা বলেছেন? বক্তার এরূপ মন্তব্যের কারণগুলি বলো। $২+৪=৬$

ঙ) বিপ্রদাসের পিতা মুকুন্দলালের জীবন-চিত্র বর্ণনা করো। ৬

চ) “... পাত্রের অভাবে ময়লা থান কাপড়ের প্রান্তেই ছাতুটা মাখিতেছে”। — কার সম্পর্কে এ কথা বলা হয়েছে? উদ্দিষ্ট ব্যক্তির চরিত্র সংক্ষেপে আলোচনা করো। $১+৫=৬$

ছ) ‘আরণ্যক’ উপন্যাসে কুস্তা চরিত্রের ভূমিকাটি সংক্ষেপে পর্যালোচনা করো। ৬

জ) নিতাই কবি না কবিয়াল — আলোচনা করো। ৬

ঝ) ‘খেউড়’ বলতে কী বোঝ? ‘কবি’ উপন্যাস অবলম্বনে ‘খেউড়’র পরিচয় দাও। $১+৫=৬$

ঞ) ‘কবি’ উপন্যাসে গানের ভূমিকা সংক্ষেপে পর্যালোচনা করো। ৬

৩। প্রতিটি পাঠ্য গ্রন্থ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : $৪ \times ১২ = ৪৮$

ক) ‘রাজসিংহ’ উপন্যাসে ‘ইতিহাস রসের’ প্রকাশ কীভাবে ঘটেছে তা দেখাও। ১২

খ) ‘রাজসিংহ’ উপন্যাসের নায়িকা চঞ্চলকুমারী না জেবউন্নিসা — আলোচনা করো। মানিকলাল ক’টি পত্র সঙ্গে নিয়ে ঔরঙ্গজেবের কাছে গিয়েছিল? $১০+২=১২$

গ) ‘যোগাযোগ’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১২

ঘ) মধুসূদনের জীবনে শ্যামাসুন্দরীর প্রভাব সম্পর্কে আলোচনা করো। শ্যামাসুন্দরী কুমুদিনীকে কী জিজ্ঞাসা করেছিল? $১০+২=১২$

ঙ) ‘আরণ্যক’ উপন্যাসের গঠন কৌশল সম্পর্কে আলোচনা করো। ১২

চ) ‘আরণ্যক’ উপন্যাসে সত্যচরণের সৌন্দর্যচেতনা সম্পর্কে আলোকপাত করো। ১২

ছ) ‘কবি’ উপন্যাস অন্ত্যজ শ্রেণির মানুষের জীবনদর্শন — মন্তব্যটি বিচার করো। ১২

জ) ‘কবি’ আঞ্চলিক উপন্যাস কি না বিচার করো। বসন্তের কী রোগ ছিল? $১০+২=১২$